

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩১৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (کتاب الرقاق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

الفصل الاول (بَابِ الرّياء والسمعة)

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ قَالَ: قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَرَأَيْتَ الرَّجُلَ يَعْمَلُ الْخَيْرِ وَيَحْمَدُهُ النَّاسُ عَلَيْهِ. وَفِي رِوَايَةٍ: يُحِبُّهُ النَّاسُ عَلَيْهِ قَالَ: «تِلْكَ عَاجِلُ بُشْرَى الْمُؤْمِنِ». رَوَاهُ مُسلم

> رواه مسلم (166 / 2642)، (6721) ۔ (صَحِیح)

বাংলা

৫৩১৭-[৪] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) -কে জিজ্ঞেস করা হলো, ঐ ব্যক্তি সম্পর্কে আপনার অভিমত কি, যে কোন ভালো কাজ করে আর লোকেরা তার সেই কাজের কারণে তার প্রশংসা করে। অপর বর্ণনায় রয়েছে, "এই কাজের কারণে লোকে তাকে পছন্দ করে।" (এতে কি তার সাওয়াব বাতিল হয়ে যাবে?) তিনি বললেন, (এরূপ প্রশংসিত হওয়া) এটা মু'মিন্দের নগদ সুসংবাদ। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৬৬-(২৬৪২), ইবনু মাজাহ ৪২২৫, মুসনাদে আহমাদ ২১৪১৭, মুসনাদে বায্যার ৩৯৫৬, সহীহ ইবনু হিব্বান ৩৬৬, শুআবৃল ঈমান ৬৯৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা :(قِيلَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَرَأَيْتَ الرَّجُلَ): রাসূলুল্লাহ (সা.) -কে জিঞ্জেস করা হলো ঐ



ব্যক্তি সম্পর্কে, যে আল্লাহর সম্ভৃষ্টির জন্য কোন ভালো কাজ করে কিন্তু মানুষ এর জন্য তার প্রশংসা করে, সে ব্যাপারে আপনার মতামত কি? অপর বর্ণনা মতে, মানুষ তাকে এজন্য ভালোবাসে।

(الَ: «تِلْكَ عَاجِلُ بُشْرَى الْمُؤْمِنِ») রাসূলুল্লাহ (সা.) উত্তর দিলেন, মুমিনের জন্য প্রশংসা বা মুহাব্বাত পার্থিব জীবনে নগদ সুসংবাদ। বস্তুত আখিরাতে তার সাওয়াব বাকী থাকবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন